

## বিতরণ

কর্মরত প্রাথমিক শিক্ষক/শিক্ষিকা, যারা পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ পরিচালিত দূরশিক্ষা মাধ্যমে ২ বছরের ডি.এল.এড. অথবা ১ বছরের ত্রীজ কোর্সের আওতায় আসবেন, তাঁদের দৃষ্টি নিম্নলিখিত বিষয়গুলির প্রতি আকৃষ্ট করা হচ্ছে :-

- ১) 03-09-2001 এর পূর্বে নিযুক্ত প্রাথমিক শিক্ষক-শিক্ষিকাগণের কোনরকম প্রশিক্ষণগত বা শিক্ষাগত যোগ্যতা বাড়াতে হবে না। অর্থাৎ, এক্ষেত্রে তদানীন্তন রাজ্য সরকারী বিধি বলবৎ থাকবে।
- ২) 03-09-2001 থেকে 31-12-2005 এর মধ্যে নিযুক্তদের ১/২ বছরের প্রশিক্ষণ থাকলে, কোন কিছু করার দরকার হবে না। কিন্তু যদি কোনো প্রশিক্ষণ না থাকে, তাহলে ২ বছরের ডি.এল.এড কোর্স করতে হবে এবং উচ্চ মাধ্যমিকে ৫০/৪৫ শতাংশ নম্বর/স্নাতক ডিগ্রি না থাকলে NIOS/রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদের মাধ্যমে upgradation করতে হবে।
- ৩) 01-01-2006 অথবা তারপর নিযুক্ত শিক্ষক-শিক্ষিকাগণকে, ১ বছরের প্রশিক্ষণ থাকলে, ১ বছরের ত্রীজ কোর্স (ODL) করতে হবে এবং কোন টেনিফ না থাকলে ২ বছরের ডি.এল.এড (ODL) করতে হবে। উভয়ক্ষেত্রেই উচ্চ মাধ্যমিক/সমতুল পরীক্ষায় ৫০/৪৫ শতাংশ নম্বর থাকা অথবা স্নাতক হওয়া আবশ্যিক, না থাকলে NIOS/রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদের মাধ্যমে upgradation করতে হবে।
- ৪) 03-09-2001 এর পর নিযুক্ত প্রাথমিক শিক্ষক-শিক্ষিকাগণের B.Ed অথবা সমতুল প্রশিক্ষণ নেওয়া থাকলে, ৬ মাসের একটি বিশেষ প্রশিক্ষণ নিতে হবে। এই প্রশিক্ষণ সংক্রান্ত বিস্তারিত পরে দেওয়া হবে।

উপরিউক্ত ১ অথবা ২ বছরের ODL কোর্সের নথিভুক্তিকরণের নির্ধারিত ফর্ম S.II of Schools এর অফিসে সংশ্লিষ্ট জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ (D.P.S.C.) মারফৎ দেওয়া হচ্ছে।

শিক্ষক-শিক্ষিকাগণ নির্ধারিত ফর্ম আগামী 21-11-2012 তারিখের মধ্যে ৫০০ (পাঁচশত টাকা) ব্যাঙ্ক ড্রাফট সহ জমা দেবেন।

একই সঙ্গে, উচ্চ মাধ্যমিকে ৫০ অথবা ৪৫ শতাংশ অথবা উচ্চ মাধ্যমিক অথবা স্নাতক ডিগ্রি না থাকলে, National Institute of Open Schooling (NIOS) অথবা রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদ থেকে উচ্চ মাধ্যমিক অথবা উচ্চ পরীক্ষায় প্রাপ্ত নম্বর (৫০/৪৫ শতাংশ) ন্যূনতম করার আবেদন পত্র (ফি ছাড়া) সাদা কাগজে উক্ত সময়ের মধ্যে জমা দিতে অনুরোধ করা হচ্ছে।

উল্লেখ্য, বিদ্যালয় শিক্ষা দপ্তর এর মেমো নং - 389(38)-SE(EE)/PTTI-7/11 dated-13.08.2012 তে "It is now clarified..... এই paragraph এ একটি clause সংযোজিত হয়েছে। সংযোজিত অংশটি সহ পড়তে হবে যে ভাবে, তা হল - However, if any candidate completes One year Course in Teacher Training from State recognized Institution on or before 31-12-2005, but appointed after 31-12-2005, another ..... উক্ত সংযোজনী সহ নির্দেশিকাটি [www.wised.gov.in](http://www.wised.gov.in) ও [www.wbpe.org](http://www.wbpe.org) এই দুটি website এ দেওয়া হল।

তারিখ - ১৪/১১/২০১২

স্বাঃ  
সচিব  
পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ

১২  
১১  
১০  
৯  
৮  
৭  
৬  
৫  
৪  
৩  
২  
১